গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
যশোর সদর, যশোর
doict.sadar.jessore.gov.bd

# উপজেলা আইসিটি কমিটি মার্চ/২০২৬ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : সাফফাত আরা সাঈদ
উপজেলা নির্বাহী অফিসার
যশোর সদর, যশোর

সভার তারিখ ও সময় : ১১/০৩/২০২৬ খ্রি. ও সকাল ১১.০০ ঘটিকা
সভার স্থান : অনলাইন জুম প্লাটফর্ম

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-'ক'**

সভায় সভাপতি উপস্থিত সকল সদস্যদের স্বাগতম জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা আইসিটি কমিটির সভায় ফেব্রুয়ারি/২০২৬ মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সিদ্ধান্তগুলো দৃঢ়ীকরণ করা হয়।

১. ইউডিসির পরিদর্শন সংক্রান্ত:

১.২ উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইউডিসি পরিদর্শন/দর্শন/ ও অন্যান্য তথ্য:

| ক্র: নং | উপজেলা | উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠানের তারিখ | | ইউডিসি | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | সভা অনুষ্ঠানের তারিখ | পূর্ববর্তী সভার কার্যবিবরনী প্রেরণ করা হয়েছে কিনা | মোট ইউডিসি এর সংখ্যা | ইউ এন ও কর্তৃক পরিদর্শন | ইউ এন ও কর্তৃক দর্শন | অন্যান্য প্রশিক্ষণ |
| ০১ | যশোর সদর | ১১/০৩/২০২৬ খ্রি. | হ্যাঁ | ১৫ | ২ | ২ | - |

২. সভার আলোচনা এবং সিদ্ধান্ত:

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২.১ | উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালের তথ্য: | উপজেলা সরকারি অফিস ও ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টালে কর্মকর্তা ও কর্মচারিদের তথ্য, নোটিশ বোর্ড, মেন্যু ও সেবাবক্সের সকল তথ্য শতভাগ হালনাগাদকরণের জন্য উপজেলার সকল অফিসার এবং সকল ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তাদের নির্দেশনা | উপজেলার সকল দপ্তর প্রধান ও ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তাগণ |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | প্রদান করা হয়। ওয়েব পোর্টালের দ্বিতীয় সংস্করণ চালু হওয়ায় স্ব-স্ব দপ্তরকে পোর্টালের প্রোফাইলে সংযুক্ত ইমেইল আইডি দিয়ে পাসওয়ার্ড রিসেট অপশনে গিয়ে নতুন পাসওয়ার্ড যুক্ত করার পরামর্শ দেওয়া হয় এবং পোর্টালের তথ্য নিয়মিত আপডেট করার জন্য অনুরোধ করা হয়। উপজেলা ওয়েব পোর্টালের সাথে বিভিন্ন সরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ওয়েব পোর্টালের লিংক যুক্ত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। বিভিন্ন সভার নোটিশ ও রেজুলেশন ওয়েব পোর্টালে প্রকাশ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২.২ | ডি নথি সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তি | উপজেলা পর্যায়ে ডি-নথি সিস্টেমে লাইভে আসা দপ্তরের চিঠিপত্র ই-ফাইলিং সিস্টেমে জারী করতে হবে যাতে পেপারলেস অফিস বাস্তবায়ন করা যায় এবং সকল দপ্তরের ডি-নথির কার্যক্রম আরও জোরদারকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলার সকল দপ্তর প্রধানগণ |
| ২.৩ | সরকারি ইমেইল ব্যবহার সংক্রান্ত | দাপ্তরিক পত্রাদি ইমেইলের মাধ্যমে আদান প্রদান কার্যক্রম চলমান আছে। উপজেলা পর্যায়ের সকল দপ্তরে সরকারি ইমেইল ব্যবহার করার সিদ্ধান্ত হয়। | উপজেলার সকল দপ্তর প্রধানগণ |
| ২.৪ | ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প সংক্রান্ত | আইসিটি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ডিজিটাল সংযোগ স্থাপন (EDC) প্রকল্প হতে ভেন্ডর প্রতিষ্ঠান Link3 Technologies Ltd. এর মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে সরকারি অফিস ও শিক্ষা প্রতিষ্ঠানে ২০ এমবিপিএস ওয়াই-ফাই সংযোগ প্রদানের কাজ চলমান আছে। ২৪২ টি প্রতিষ্ঠানে ২০ এমবিপিএস ব্রডব্যান্ড ওয়াই-ফাই সংযোগ প্রদান করা হয়েছে। সংযোগ প্রদানের কাজে ভেন্ডর প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট দপ্তর ও শিক্ষা প্রতিষ্ঠান প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। ভেন্ডর প্রতিষ্ঠান Link3 Technologies Ltd. এর কার্যক্রম মনিটরিং করার সিদ্ধান্ত হয় । সংযোগ প্রদানকৃত ১১৭ টি প্রাথমিক বিদ্যালয়ের সাথে ভেন্ডর প্রতিষ্ঠানের ত্রিপক্ষীয় চুক্তি সম্পাদন হয়েছে। | সংশ্লিষ্ট দপ্তর ও শিক্ষা প্রতিষ্ঠান এবং ভেন্ডর প্রতিষ্ঠান |
| ২.৫ | ইউডিসি হতে পল্লী বিদ্যুতের বিল আদায় এবং আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড | সকল ইউডিসির মাধ্যমে পল্লী বিদ্যুৎ এর বিল অনলাইনে গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা/ইউনিয়ন/পৌর ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের দৈনিক আয় 'একসেবা'র মাধ্যমে নিয়মিত আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। নিয়মিত আপলোড কার্যক্রম মনিটরিং করার সিদ্ধান্ত হয় । | ইউডিসির সকল উদ্যোক্তাগণ |
| ২.৬ | আইসিটি অধিদপ্তর হতে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত আইসিটিডি ডিজিটাল ল্যাব পরিদর্শন সংক্রান্ত তথ্য | আইসিটি অধিদপ্তর হতে শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব পরিদর্শনের জন্য উপজেলা আইসিটি কমিটির সদস্যদের নির্দেশনা প্রদান করা হয় এবং ল্যাব পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি কমিটি |



CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২.৭ | ফ্রীল্যান্সিং প্রশিক্ষণ সংক্রান্ত | যশোর সদর উপজেলায় শিক্ষিত বেকার যুবক-যুবতীদের নিয়ে উপজেলার এডিপি খাতের বরাদ্দ হতে আগামী মাসে ০৩ মাসব্যাপী ফ্রীল্যান্সিং প্রশিক্ষণ আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা আইসিটি অফিসার |
| ২.৮ | মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন সংক্রান্ত | নিয়মিত মাল্টিমিডিয়া ক্লাসরুম কার্যক্রম পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি কমিটি |
| ২.৯ | জনসেবায় সামাজিক যোগাযোগ মাধ্যম এর ব্যবহার বৃদ্ধি সংক্রান্ত | জনসেবায় সামাজিক যোগাযোগ মাধ্যম এর ব্যবহার বৃদ্ধিকল্পে উপজেলা পর্যায়ের সকল অফিসারদের প্রদেয় সরকারি সেবাসমূহ এবং সেবাসমুহের চিত্র সামাজিক যোগাযোগ মাধ্যমে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলার সকল দপ্তর প্রধানগণ |
| ২.১০ | বিবিধ | উপজেলা আইসিটি কমিটির সদস্যদের নিয়মিত সভায় উপস্থিত থাকার নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, যশোর |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

১১/৩/২৬

(সাফফাত আরা সাঈদ)
উপজেলা নির্বাহী অফিসার
যশোর সদর, যশোর
ও
সভাপতি, উপজেলা আইসিটি কমিটি
যশোর সদর, যশোর
ফোন: ০২৪৭৭৭৬২৪৩২
ইমেইল: unojessore@mopa.gov.bd

স্মারক নং: ৫৬.০৪.৪১৪৭.০০০.০০০.০৬.০০০১.২৫. ৯৩

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ / ১১ মার্চ ২০২৬ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

১। জেলা প্রশাসক, যশোর।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। উপজেলা......................................অফিসার, সদর, যশোর।

২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক.......................................................

৩। জনাব ....................................................................

১১/৩/২৬

(মোঃ আব্দুল করিম)
সহকারী প্রোগ্রামার
যশোর সদর, যশোর
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি কমিটি
যশোর সদর, যশোর

CamScanner